



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/১২৭

তারিখ : ০৮/০২/২০১৫খ্রি.

শুভেচ্ছা জানবেন। ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্দেশ্যকে সামনে নিয়ে বরিশাল শিক্ষাবোর্ডের সকল কার্যক্রম এখন অন-লাইনে সম্পন্ন হচ্ছে। আগামী ১৫ ফেব্রুয়ারি ২০১৫ থেকে এই শিক্ষাবোর্ডের কলেজ শাখার সকল কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন হবে। এ কার্যক্রম সম্পন্ন করার জন্য নিচের বিষয়গুলো অনুসরণ করে চলতে হবে--

- ০১। যে ঠিকানায় সকল আবেদনপত্র প্রেরিত হবে www.barisalboard.gov.bd/collegecp
- ০২। উক্ত ঠিকানায় যাওয়ার পর user name এর ঘরে যেয়ে কলেজের EIIN নম্বর দিতে হবে এবং password হিসেবে সংশ্লিষ্ট কলেজের নিবন্ধনের eSIF password কে ব্যবহার করতে হবে
- ০৩। Login সফল হবার পরে application মেন্যুতে যেয়ে সংশ্লিষ্ট বিষয়ের আবেদন করতে হবে (যেমন- গভর্নিং বডি, এডহক কমিটি, বিষয় অনুমোদন, স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি ইত্যাদি)
- ০৪। আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র scan করে pdf format-এ পাঠাতে হবে
- ০৫। একাধিক কাগজ হলে তা scan করে একটি pdf ফাইলে পাঠাতে হবে। যেমন- সভাপতি মনোনয়নসহ কমিটি অনুমোদনের জন্য যাবতীয় কাগজপত্র অবশ্যই একটি pdf ফাইলে পাঠাতে হবে। একই সাথে একাধিক pdf ফাইল পাঠানোর কোন option নেই
- ০৬। আবেদনপত্র প্রেরণের পর স্বয়ংক্রীয়ভাবে একটি T.T Slip download এর option এ T.T Slip টি download করে স্থানীয় সোনালী ব্যাংকের মাধ্যমে টাকা প্রেরণ করতে হবে। উল্লেখ্য, কোন অবস্থায়ই মেন্যুয়াল T.T অর্থাৎ হাতে হাতে T.T গ্রহণযোগ্য নয় এবং আবেদনপত্র পাঠানোর আগে T.T করারও কোন সুযোগ নেই
- ০৭। আবেদনপত্র সফলভাবে বোর্ডে প্রেরণের পর আবেদন পত্রের কার্যাদি সম্পন্ন হলে, আবেদন পত্র প্রেরণের প্যানেল থেকে সংশ্লিষ্ট বিষয়ের সিদ্ধান্ত download করা যাবে
- ০৮। প্রত্যেক কলেজের অধ্যক্ষের নিজস্ব একটি মোবাইল সিম থাকতে হবে। যা প্রতিষ্ঠানের সিম হিসেবে বিবেচিত হবে এবং অধ্যক্ষ চলে গেলে উক্ত সিমটি কলেজে রেখে যাবেন। এই সিমের নম্বরটি সব সময় খোলা রাখতে হবে এবং এই নম্বরটি প্রত্যেক আবেদনে লিখতে হবে।

বি:দ্র: যে সমস্ত কলেজ এখনও বরিশাল শিক্ষাবোর্ডের interactive website এ সংযুক্ত হননি- তারা আগামী ১৫/০২/২০১৫ তারিখের মধ্যে অবশ্যই সংযুক্ত হবেন। অন্যথায় তাদের ওয়েবসাইট ভিত্তিক সকল কার্যক্রম স্থগিত থাকবে।

ড. মো: লিয়াকত হোসেন ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কলেজসমূহ

অনুলিপি:

- ২। সিস্টেম এ্যানালিস্ট(ভারপ্রাপ্ত), বশিবো
- ৩। পিএস টু চেয়ারম্যান, বশিবো
- ৪। সংরক্ষণ নথি